



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর



২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ২য় মেধা তালিকায় ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং ১০(২২৫) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/অংশ-২/২৬৭০ তারিখঃ ২২/১১/২০২২ বিজ্ঞপ্তি মোতাবেক ২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে ভর্তির প্রাথমিক আবেদনকৃত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্ন বর্ণিত সময়সূচী ও নিয়মাবলী অনুযায়ী ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।

কার্যক্রমের বিবরণ	তারিখ	সময়
২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি	৩০/১১/২০২২ হতে ০৭/১২/২০২২ পর্যন্ত	০৯.৩০ টা হতে ০১.০০ টা পর্যন্ত

০১। অনলাইনে কলেজের ভর্তি ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের করণীয় :

অনলাইনে কলেজের Education Management System (EMS)-এ ভর্তির জন্য <http://gssmc.eshiksabd.com/> লিংকে প্রবেশ করে শিক্ষার্থীদের কমন ইউজার নেইম ও পাসওয়ার্ড (User Name: gssmcstudent ও Password: gssmcstudent) দিয়ে Login করে মেনু থেকে প্রথমে Admission এ ক্লিক করতে হবে, পরবর্তীতে Click for New Admission এ ক্লিক করে Select Group থেকে ভর্তিচ্ছু শ্রেণি Degree নির্বাচন করে Select Group থেকে Subject (যেমন BA/ BSS/ BBS যার জন্য যেটি প্রযোজ্য) নির্বাচন করে Admission Roll দিয়ে Check for Admission এ ক্লিক করলে ভর্তির তথ্য সম্বলিত ফরম প্রদর্শিত হবে। সেখানে শিক্ষার্থী নিজে তার সকল তথ্য পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের নম্বর এন্ট্রি করার পর Save এ ক্লিক করলে টাকার পরিমাণসহ পূরণকৃত ভর্তি ফরম প্রদর্শিত হবে। উক্ত প্রদর্শিত ভর্তি ফরম প্রিন্ট করতে হবে।

প্রদত্ত ফি সমূহ :

ক) ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফি, বেতন ও সেসন চার্জ বাবদ মোট ২,৮২৫/- টাকা Bkash App - এর মাধ্যমে জমা দিতে হবে।

ভর্তির অন্যান্য নিয়মাবলী ও করণীয় :

০২। ভর্তি ফরম সংগ্রহ ও জমা :

২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের www.nu.ac.bd/Admission অপশনে Degree Login লিংকে গিয়ে যথাযথভাবে ফরম পূরণপূর্বক A4 সাইজ (৮.৫"× ১১") অফসেট সাদা কাগজে প্রিন্ট করে এবং কলেজের EMS থেকে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট করে ৩নং ধারায় উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করে ভর্তি কমিটি কর্তৃক নিরীক্ষার পর ভর্তির চূড়ান্ত আবেদন ফরম ১ সেট এ কলেজের হিসাব শাখায় জনাব মোঃ মাক্জুুর রহমান-এর নিকট জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। ভর্তি ফরমের প্রতি সেটের সঙ্গে যে সকল কাগজ পত্র জমা দিতে হবে :

ক) প্রাথমিক আবেদনের College Copy - ০১ কপি।

খ) Bkash App - এর মাধ্যমে ২,৮২৫/- টাকা জমার Slip - ০১ কপি।

গ) এসএসসি/সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি - ০১ কপি।

ঘ) এইচএসসি/ সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি - ০১ কপি।

ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ২ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি (সাদা ড্রেস পরিহিত) খামে ভরে মূল ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

চ) কোন শিক্ষার্থী ২০২০ সালের উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অনার্স/ ডিগ্রী পাস কোর্সে ভর্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি বাতিলের অনুমতির কপি এক যারা কোন কলেজে ভর্তি হয় নাই তাদের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক পাঠ বিরতি/শিক্ষা বিরতি সনদ প্রদান করতে হবে ১কপি।

***** এইচএসসি/সমমানের পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে।**

উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ভর্তি ফরম উত্তোলন করে ভর্তি কমিটির আহ্বায়ক জনাব জাহাঙ্গীর আলম, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ কর্তৃক নিরীক্ষণ করে কলেজের হিসাব শাখায় ভর্তির প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি ফরম জমা দেয়ার জন্য বলা হলো।

*** বি: দ্র: Bkash App - এর মাধ্যমে টাকা জমার পদ্ধতি বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।

স্বা:

(প্রফেসর কাজী গোলাম মোস্তফা)

আইডি-১৫২৩

অধ্যক্ষ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

স্মারক নং ২০৬৩/২২

তারিখঃ...০২.১.২২।২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ

- ১। উপাধ্যক্ষ, এ কলেজ।
- ২। আহ্বায়ক, ডিগ্রি পাস ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২১-২০২২, এ কলেজ।
- ৩। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক, আইসিটি বিভাগ, এ কলেজ।
- ৪। প্রধান সহকারী, এ কলেজ।
- ৫। হিসাব রক্ষক, এ কলেজ।
- ৬। জনাব সুলতান আহমেদ/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ মাহফুজুর রহমান/জনাব রূপালী শিকদার/জনাব মোঃ ওয়াসিউল খান/জনাব মোঃ মিরাজ শেখ, এ কলেজ।
- ৭। নোটিশ বোর্ড/ ওয়েবসাইট/ ইএমএস/ হেল্প ডেস্ক, এ কলেজ।
- ৮। সংরক্ষণ নথি।

০২.০২.২০২২

অধ্যক্ষ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

প্রফেসর কাজী গোলাম মোস্তফা
আইডি-১৫২৩

অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

০২/০২/২২